

➤ আমাদের মহান স্বাধীনতা সংগ্রামে এ সকল অকুতোভয় বীর সেনানীরা দেশপ্রেম ও আত্মত্যাগের যে দুর্লভ দৃষ্টান্ত স্থাপন করেছেন তা আমাদের আগামীর পথ চলার অনুপ্রেরণা হয়ে থাকবে।

৮। ৮ ও ১২ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, ৩৬ এডি রেজিমেন্ট আর্টিলারি, ৩ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন এবং ১ সিগন্যাল ব্যাটালিয়নকে রেজিমেন্টাল কালার প্রদান।

উপস্থিত সুধী, প্রতিষ্ঠালয় হতেই ধারাবাহিক ও প্রশংসনীয় সাফল্য প্রদর্শনের মাধ্যমে ৮ ও ১২ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, ৩৬ এডি রেজিমেন্ট আর্টিলারি, ৩ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন এবং ১ সিগন্যাল ব্যাটালিয়ন রেজিমেন্টাল কালার পাওয়ার ঘোষ্যতা অর্জন করেছে।

৮ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি।

- ৮ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি ১৯৮৬ সালে চট্টগ্রাম সেনানিবাসে যাত্রা শুরুর পর হতে ‘‘অপারেশন দাবানল’’, ‘‘অপারেশন আলোর সন্ধানে’’ এবং ‘‘অপারেশন নবযাত্রা’’ সহ অর্পিত সকল দায়িত্ব অত্যন্ত সফলতার সাথে পালন করেছে।
- এছাড়াও ফরমেশন পর্যায়ে প্রশিক্ষণ প্রতিযোগিতা ও খেলাধুলায় অসামান্য দক্ষতা প্রদর্শন করে অদ্যাবধি ৪২টি ট্রফি অর্জন করতে সক্ষম হয়।